গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর
EIIN: 109725
website: www.bkuc.edu.bd
Email: bakshiganjkuc@ymail.com
টেলিফোন: ০৯৮২২-৫৬০০৬

তারিখ: ১০/০৯/২০২০ খ্রি.

## ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

২০২০-২১ শিক্ষাবর্ষে বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নোক্ত পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

ক) **ভর্তির তারিখ ও সময়**: সকল শাখায় ভর্তি কার্যক্রম আগামী ১৩.০৯.২০২০ (রবিবার) খ্রি. হতে ১৭.০৯.২০২০ (বৃহস্পতিবার) খ্রি. তারিখ পর্যন্ত চলবে।

**উল্লেখ্য, শুধুমাত্র ১ম দিনের (১৩/০৯/২০২০ খ্রি.) ভর্তি কার্যক্রম দুপুর: ১.০০ টা হতে শুরু হবে।অন্যান্য দিনগুলিতে সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত চলবে।**

**খ) ভর্তির জন্য নির্ধারিত ফিঃ**

| মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা | ভর্তি ফি |
|---|---|
| ছাত্র | ২৩৪৫/- |
| ছাত্রী | ২১০৫/- |

| বিজ্ঞান শাখা | ভর্তি ফি |
|---|---|
| ছাত্র | ২৫৬৫/- |
| ছাত্রী | ২৩২৫/- |

**ভর্তি ফি জমাদানের পদ্ধতিঃ** শিউরক্যাশের মাধ্যমে ভর্তির নির্ধারিত ফি জমা দিতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীদেরকে শিউরক্যাশের যেকোনো এজেন্ট এর মাধ্যমে অথবা শিক্ষার্থীর নিজস্ব শিউরক্যাশ একাউন্ট থেকে অত্র কলেজের উচ্চমাধ্যমিক শ্রেণির Payment Keyword: **BGKUC** এবং Student ID হিসেবে সংশ্লিষ্ট শিক্ষার্থীর ০৬ ডিজিটের SSC রোল ব্যবহার করে নির্ধারিত ভর্তি ফি প্রদান করতে হবে। ফি প্রদানের Transaction IDটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।

**উল্লেখ্য, পাঠ বিরতি রয়েছে এমন শিক্ষার্থীদের অতিরিক্ত ১৫০/- রশিদের মাধ্যমে কলেজে জমা দিতে হবে এবং কোটায় নির্বাচিত শিক্ষার্থীদেরকে উপযুক্ত প্রমাণপত্র দাখিলপূর্বক শিউরক্যাশে টাকা জমা প্রদান করার অনুমোদন নিতে হবে।**

**গ) ভর্তি কার্যক্রমে অনুসরণীয়ঃ**

১। শিক্ষার্থীদের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি ও স্ট্যাম্প সাইজের ২ কপি রঙিন ছবি সঙ্গে আনতে হবে।
২। শিউরক্যাশে ভর্তি ফি প্রদানের Transaction ID প্রদর্শনপূর্বক ফরম বিতরণ কাউন্টার থেকে বিনামূল্যে ভর্তি ফরম সংগ্রহ করতে হবে।
৩। ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে এক কপি ছবি গাম দিয়ে লাগাতে হবে এবং ফরমটি যথাযথভাবে পূরণ করে ভর্তি কাউন্টারে জমা দিতে হবে।
৪। অন-লাইন থেকে পুনরুদ্ধারকৃত সিকিউরিটি কোডের প্রিন্ট কপি ভর্তি কাউন্টারে জমা দিতে হবে।

**বিশেষ জ্ঞাতব্যঃ** ■ ভর্তিকালীন আপাতত শিক্ষার্থীর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট এবং প্রশংসাপত্র জমা নেয়া হবে না। এ ব্যাপারে পরবর্তীতে নোটিশ প্রদান করা হবে। তবে ভর্তি ফরম যথাযথভাবে পূরণ করার সুবিধার্থে একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি শিক্ষার্থীদের সঙ্গে রাখা যেতে পারে।

■ শিক্ষার্থীদেরকে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে এবং অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে।

**অত্র কলেজে শাখাভিত্তিক বিষয়সমূহঃ** সকল শাখার শিক্ষার্থীদের জন্য আবশ্যিক বিষয় ও কোডসমূহঃ

১। বাংলা (১০১,১০২) ২। ইংরেজি (১০৭,১০৮) ৩। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)

| শাখা | শাখাভিত্তিক নৈর্বাচনিক বিষয় ও বিষয়কোড | শাখাভিত্তিক ঐচ্ছিক বিষয় (যেকোনো একটি নেয়া যাবে) |
|---|---|---|
| মানবিক | যেকোনো তিনটি বিষয় নিতে হবেঃ<br>১। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭,২৬৮)<br>২। পৌরনীতি ও সুশাসন (২৬৯,২৭০)<br>৩। অর্থনীতি (১০৯,১১০)<br>৪। যুক্তিবিদ্যা (১২১,১২২) | ১। ইসলামের ইতিহাস ও সংস্কৃতি (২৬৭,২৬৮)<br>২। পৌরনীতি ও সুশাসন (২৬৯,২৭০)<br>৩। অর্থনীতি (১০৯,১১০)<br>৪। যুক্তিবিদ্যা (১২১,১২২)<br>৫। কৃষিশিক্ষা (২৩৯,২৪০) |
| বিজ্ঞান | ১। পদার্থবিজ্ঞান (১৭৪,১৭৫) [বিজ্ঞান শাখার জন্য আবশ্যিক)<br>২। রসায়ন (১৭৬,১৭৭) [বিজ্ঞান শাখার জন্য আবশ্যিক]<br>৩। জীববিজ্ঞান (১৭৮,১৭৯) অথবা উচ্চতর গণিত (২৬৫,২৬৬) | ১। জীববিজ্ঞান (১৭৮,১৭৯)<br>২। উচ্চতর গণিত (২৬৫,২৬৬)<br>৩। কৃষিশিক্ষা (২৩৯,২৪০) |
| ব্যবসায় শিক্ষা | নিম্নোক্ত তিনটি বিষয়ই নিতে হবেঃ<br>১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা (২৭৭,২৭৮)<br>২। হিসাববিজ্ঞান (২৫৩,২৫৪)<br>৩। ফিন্যান্স,ব্যাংকিং ও বীমা (২৯২,২৯৩) | ১। কৃষিশিক্ষা (২৩৯,২৪০)<br>২। অর্থনীতি (১০৯,১১০) |

► **সরকারি নির্দেশনা অনুযায়ী ক্লাস শুরু হবে।ক্লাস শুরুর বিজ্ঞপ্তি কলেজ ওয়েবসাইটে যথাসময়ে পাওয়া যাবে।**

১০/০৯/২০২০
অধ্যক্ষ
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ
বকশীগঞ্জ, জামালপুর।

১০/০৯/২০২০
আহবায়ক
২০২০-২০২১ শিক্ষাবর্ষ একাদশ শ্রেণি ভর্তি কমিটি
বকশীগঞ্জ, জামালপুর।